**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 30-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্য বিধানসভার বিশেষ অধিবেশনে নারী শক্তি বন্দন অধিনিয়ম সংশোধনী বিলের সমর্থনে উত্থাপিত প্রস্তাব ধ্বনি ভোটে গৃহীত।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নারী শক্তি বন্দন অধিনিয়ম বিল হচ্ছে গণতন্ত্রের ইতিহাসে একটি বৈপ্লবিক অধ্যায়।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে পরিশ্রমী ও উদ্যমী নাগরিকরাই ভারতের সর্বশ্রেষ্ঠ শক্তি।**

**(৪) ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাংক আজ 'সেলফ হেল্প গ্রুপ সেভিংস অ্যাকাউন্ট' চালুর সিদ্ধান্ত ঘোষণা করেছে।**

***************************************

**Assembly-CM :**

রাজ্য বিধানসভায় আজ একদিনের বিশেষ অধিবেশনে নারী শক্তি বন্দন অধিনিয়ম সংশোধনী বিলের সমর্থনে উত্থাপিত প্রস্তাব ধ্বনি ভোটে গৃহীত হয়। বিলটি উত্থাপন করেন মুখ্যসচেতক কল্যানী রায়। সংশোধনী বিলের উপর আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নারী শক্তি বন্দন অধিনিয়ম বিল হচ্ছে গণতন্ত্রের ইতিহাসে একটি বৈপ্লবিক অধ্যায়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মূল লক্ষ্য হচ্ছে মহিলাদের প্রকৃত উন্নয়ন। তিনি বলেন, এই বিলটি সিদ্ধান্ত গ্রহণ ও নীতি নির্ধারণে নারীদের অংশগ্রহণ বৃদ্ধি করবে, যা দেশের অগ্রগতিতে অবদান রাখবে। নারী শক্তি বন্দন অধিনিয়ম সংশোধনী বিলটির তাৎপর্য নিয়ে বিস্তারিত বক্তব্য রাখেন সংসদ বিষয়ক মন্ত্রী রতনলাল নাথ। তাছাড়া বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়াও মুখ সচেতক উত্থাপিত প্রস্তাবের সমর্থনে বক্তব্য

রাখেন। বিধায়ক সুদীপ রায় বর্মণ, গোপাল রায় সহ ট্রেজারী ও বিরোধী বেঞ্চের অনেকেই এই প্রস্তাবের উপর বক্তব্য রাখেন।

আজ বিশেষ অধিবেশনের শুরুতে প্রাক্তন মন্ত্রী কার্তিক কন্যা দেববর্মা ও কিংবদন্তী গায়িকা আশা ভোঁসলের প্রয়ানে শোক প্রস্তাব পাঠ করা হয়। আজ অধিবেশনের নির্ধারিত কার্যসুচি শেষে অধ্যক্ষ রামপদ জমাতিয়া বিধানসভার অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতবি ঘোষণা করেন।

****************************

**Assembly- Santana Chakma :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবসময় নারীদের অধিকার রক্ষার ব্যাপারে কার্যকরী ভূমিকা পালন করছেন। তিনি বলেন নারী ক্ষমতায়ন মানে দেশের ক্ষমতায়ন। দেশের উন্নয়ন যাত্রা তার নারী ক্ষমতায়নের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। এই গুরুত্বপূর্ণ বিষয়টি উপলব্ধি করে, কেন্দ্রীয় সরকার বিগত নয় বছর ধরে নারী শক্তিকে তার কর্মসূচির অগ্রভাগে রেখেছে। নারীদের বিভিন্ন পর্যায়ে সহায়তা করার জন্য কল্যাণমূলক কর্মসূচি তৈরি করা হয়েছে, যা তাদের সামাজিক-অর্থনৈতিক বাধা অতিক্রম করতে এবং পূর্ণাঙ্গ ক্ষমতায়ন অর্জন করতে সক্ষম করে। পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী এবং প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাসও মহিলাদের ক্ষমতায়নে রাজ্য সরকারের গৃহিত পদক্ষেপ বিস্তারিত উল্লেখ করে বক্তব্য রাখেন।

****************************

**Assembly-Tinku Roy :**

সমাজ কল্যান ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায় বলেছেন, রাজ্য সরকার নারী কল্যাণে আন্তরিকভাবে কাজ করছে। এই লক্ষ্যে রাজ্যে Tripura State Policy for Empowerment of Women, 2022 প্রণয়ন করা হয়েছে। সরকারি চাকরিতে ৩৩ শতাংশ নারী সংরক্ষণ কার্যকর করা হয়েছে। মহিলাদের জন্য স্বল্প সুদে শিক্ষা ঋণ প্রদান করার ব্যবস্থা রাখা হয়েছে।

দক্ষতা উন্নয়নের জন্য বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি চালু রয়েছে। তিনি বলেন, সরকারি শপিং কমপ্লেক্সে ৫০ শতাংশ ষ্টল মহিলাদের জন্য সংরক্ষিত রাখা হয়েছে। ১৩টি Women Health and Wellness Centre স্থাপন করা হয়েছে। মুখ্যমন্ত্রী মাতৃ পুষ্টি উপহার প্রকল্পের মাধ্যমে গর্ভবতী নারীদের ২০০০ টাকা করে সহায়তা দেওয়া হচ্ছে।

**************************

**Assembly–Jitendra Chaudhury :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী বলেছেন, মহিলাদের ক্ষমতায়নের লক্ষ্যে ১৯৮৩ সালে কর্নাটকে এবং ১৯৯৪ সালে ত্রিপুরায় ত্রি–স্তরীয় পঞ্চায়েত নির্বাচনে মহিলাদের জন্য সংরক্ষণ চালু হয়। তিনি বলেন, দেশে মহিলাদের উন্নয়নে সব রাজনৈতিক দলেরই ভূমিকা রয়েছে। তবে বাস্তবের সঙ্গে সঙ্গতি রেখে সংসদে নারী শক্তি বন্ধন অধিনিয়ম সংশোধনী বিলটি উত্থাপন করা প্রয়োজন ছিলো। সংসদে এই বিলটি বাতিল হয়ে যাওয়া শুধু শাসকদের লজ্জা নয়। সমানভাবে গোটা দেশের লজ্জা। বিধায়ক শ্যামল চক্রবর্তী বলেছেন, ত্রিপুরায় বামফ্রন্ট সরকারই প্রথম ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে মহিলাদের জন্য সংরক্ষণ চালু করেন। তিনি বলেন, মহিলাদের জন্য সংরক্ষণ ৩৩ শতাংশ কেন ৫০ শতাংশ করা হলেও বামফ্রন্টের আপত্তি নেই।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে পরিশ্রমী ও উদ্যমী নাগরিকরাই ভারতের সর্বশ্রেষ্ঠ শক্তি। সামাজিক মাধ্যমে একটি পোস্টে সংস্কৃত 'সুভাষিতম' শেয়ার করে শ্রী মোদী বলেন যে এই নাগরিকদের কঠোর পরিশ্রমের মাধ্যমেই উন্নয়নের নতুন পথ তৈরি হয়।

*************************

**Buddha Jayanti :**

আগামীকাল ২৫৭০ তম বুদ্ধ জয়ন্তী, বুদ্ধ পূর্নিমা। রাজ্যেও যথাযথ ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে শান্তি অহিংসা ও প্রেমের পূজারী বৌদ্ধ ধর্মের প্রবর্তক ভগবান শ্রী গৌতম বুদ্ধের ২৫৭০তম আবির্ভাব তিথি পালনের উদ্যোগ নেওয়া হয়েছে। মূল অনুষ্ঠানটি হচ্ছে আগরতলার বেণুবন বিহার বুদ্ধ মন্দির বা বুদ্ধ মঠে। বেণুবন বিহার বৌদ্ধ মঠের প্রধান ভান্তে ডঃ খেমচেরা জানিয়েছেন সকালে বুদ্ধ পূজার মধ্যে দিয়ে অনুষ্ঠানের শুরু হবে। এর আগে হবে বৌদ্ধ সন্নাসীদের শহরে প্রভাত ফেরী, বিকেলে হবে আলোচনাচক্র। আলোচনাচক্রে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। ইতিমধ্যেই বেণুবন বিহার বৌদ্ধ মঠ আলোকমালায় সাজিয়ে তোলা হয়েছে। রাজ্যের পেচারথল, সাব্রুম, মনুবনকুল, শান্তিরবাজার প্রভৃতি বৌদ্ধ অধ্যুষিত অঞ্চলে চিরাচরিত প্রথা ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে বৌদ্ধ জয়ন্তী পালন করা হয়। এই তিথিতেই ভগবান গৌতম বুদ্ধ, বুদ্ধত্ব লাভ করেন ও এই তিথিতেই তাঁর মহাপরিনির্বান হয়।

****************************

**Buddha Jayanti-President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বুদ্ধ পূর্ণিমার প্রাক্কালে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। শুভাচ্ছা বার্তায় রাষ্ট্রপতি বলেন, ভগবান বুদ্ধের করুণা, অহিংসা, শান্তি এবং জ্ঞানের শাশ্বত বার্তা সমগ্র মানবজাতিকে পথ দেখিয়ে যাবে। আজকের এই বহুবিধ প্রতিকূলতার সম্মুখীন বিশ্বে, ভগবান বুদ্ধের শিক্ষা প্রত্যেককে শান্তি, সহনশীলতা এবং পারস্পরিক সম্প্রীতির পথে চলতে অনুপ্রাণিত করে।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহাও বৌদ্ধ ধর্মাবলম্বী জনগণ সহ রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, 'ভগবান গৌতম বুদ্ধের প্রদর্শিত অহিংসা, প্রেম, করুণা এবং শান্তির বার্তা আজও আমাদের কাছে অত্যন্ত প্রাসঙ্গিক। ভগবান বুদ্ধের শাশ্বত বাণী সবাইকে আলোকিত ও সমৃদ্ধ করুক।'

বৌদ্ধ পূর্ণিমা উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী রাজ্যের সকল অংশের জনগণের সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করেছেন।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**SHG-IPPB :**

ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাংক আজ তাদের ‘সেলফ হেল্প গ্রুপ সেভিংস অ্যাকাউন্ট’ চালু করার সিদ্ধান্ত করেছে। গ্রামীণ ভারত জুড়ে নারী-নেতৃত্বাধীন স্বনির্ভর গোষ্ঠীগুলোকে আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি এবং ক্ষমতায়নের লক্ষ্যে এই বিশেষ পরিষেবাটি চালু করা হয়েছে। যোগাযোগ মন্ত্রক জানিয়েছে, এই অ্যাকাউন্টটি একটি সহজ, সহজলভ্য এবং বিনা খরচে ব্যাংকিং সমাধান প্রদান করবে, যা অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধি এবং সুস্থায়ী জীবিকার জাতীয় অগ্রাধিকারের সাথে সামঞ্জস্যপূর্ণ।

******************************

**ICSE & ISC Result :**

আজ আই.সি.এ.সই ও আই.এস.সি পর্ষদ পরিচালিত দশম এবং দ্বাদশ পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। আগরতলা হোলিক্রশ স্কুলের অধ্যক্ষ ফাদার জিলসন টম জানান, আই.সি.এস.ই দশম পরীক্ষায় ২৫০ জন ছাত্রছাত্রীর মধ্যে সবাই পাস করেছে। আই.সি.এস.ই পরীক্ষায় অংশগ্রহণকারী ২৫০ জন পরীক্ষার্থীর মধ্যে ১৩৩ জন ডিস্টিংশনসহ, ৯৭ জন প্রথম বিভাগে এবং ২০ জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। আই.এস.সি পরীক্ষায় দ্বাদশ শ্রেণিতে ১৩৩ জন ছাত্রছাত্রীর মধ্যে ১৩১ জন পাস করেছে।

*************************

**Defence Minister :**

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, অপারেশন সিন্দুর বিশ্বের কাছে এই বার্তা পৌঁছে দিয়েছে, ভারত কোনও পরিস্থিতিতেই কোনও ধরনের সন্ত্রাসবাদী কার্যকলাপ বরদাস্ত করবে না। আজ নয়াদিল্লিতে অনুষ্ঠিত ‘ন্যাশনাল সিকিউরিটি সামিট ২.০’-তে বক্তব্য রাখতে গিয়ে শ্রী সিং বলেন, ভারত আর সেই পুরোনো মানসিকতা নিয়ে এগিয়ে চলা দেশ নয়, যেখানে আমাদের মাটিতে সন্ত্রাসী হামলা হলে আমরা শুধু কূটনৈতিক বিবৃতি দিয়ে যাই। তিনি সন্ত্রাসবাদ এবং এর পৃষ্ঠপোষকদের মধ্যে কোনো ভেদাভেদ না করার সরকারি নীতি পুনর্ব্যক্ত করেন।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সিপাহীজলা জেলা ও দক্ষিণ জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি জেলাগুলিতে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*************************